গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়
৪৪১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
Email: dgdncbd@gmail.com, website: www.dnc.gov.bd

নং- ৪৪.০৪.০০০০.০০৬.০৬.০৩৭.১৭- ১৪১৯ তারিখ ঃ ১৫ মার্চ, ২০১৮

বিষয়: স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদ্‌যাপন।

সূত্র: (১) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের পত্র নম্বর- ৫৮.০০.০০০০.০৫২.৫৫.০০১.১৮-২৭৭, তারিখঃ ১৩ মার্চ, ২০১৮।
(২) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের পত্র নম্বর- ৫৮.০০.০০০০.০৫২.৫৫.০০১.১৮-২৫৭, তারিখঃ ৬ মার্চ, ২০১৮।
(৩) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের পত্র নম্বর- ৫৮.০০.০০০০.০৫২.৫৫.০০১.১৮-২৩৩, তারিখঃ ১ মার্চ, ২০১৮।
(৪) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের পত্র নম্বর- ৫৮.০০.০০০০.০৬১.০১০.০০৪.২০১৭-১৩০, তারিখঃ ২৬ ফেব্রুয়ারি, ২০১৮ ।
(৫) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের পত্র নম্বর- ৫৮.০০.০০০০.০৫২.৫৫.০০১.১৮-২২১, তারিখঃ ২০ ফেব্রুয়ারি, ২০১৮ ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উপলক্ষে আগামী ২০-২৫ মার্চ, ২০১৮ তারিখ সারা দেশব্যাপী সেবা সপ্তাহ উদযাপন করা হবে। বিভাগ/জেলা/উপজেলা/ইউনিয়ন পর্যায়ে বিপুল উৎসাহ উদ্দীপনাসহ উক্ত সেবা সপ্তাহ যথাযথভাবে উদযাপনের জন্য অনুরোধ করা হলো। এ লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক এর সাথে যোগাযোগ ও সমন্বয় করে উক্ত কর্মসূচী যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো।

এলডিসি স্ট্যাটাস উত্তরণের সাফল্য উদযাপন সংক্রান্ত সকল ডকুমেন্ট, ব্যানার, ফ্যাস্টুন, সুভ্যেনির, প্ল্যাকার্ড, ক্যাপ, টি-শার্টস এবং অন্যান্য দ্রব্য সামগ্রীতে ইআরডি কর্তৃক প্রস্তুতকৃত সেন্ট্রাল লোগো(সংযুক্ত) ব্যবহার নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

তার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ পত্রসমূহের অনুলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ২২ (বাইশ) পাতা।

১৫/০৩/২০১৮
(মোঃ আজিজুল ইসলাম)
পরিচালক(প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে।
ফোন ঃ ৮৮৭০০১৬।

বিতরণ :

১. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়/ গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
২. প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৩. সিস্টেম এনালিস্ট, প্রধান কার্যালয়, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপ-পরিচালক/সহকারী পরিচালক, ------------------গোয়েন্দা কার্যালয়/-------------------------উপ-অঞ্চল/----- ------------------------জেলা কার্যালয়।

অনুলিপি সদয় অবগতির জন্য :

১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব(মাদক অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার(সকল)------------------------------------ বিভাগ।
৪. পরিচালক(প্রশাসন/অপারেশন্স/নিরোধশিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন/প্রকল্প), মাদকদ্রব্য নিয়ন্ত্রণঅধিদপ্তর, ঢাকা।
৫. চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৬. জেলা প্রশাসক(সকল)------------------------------------------জেলা ।
৭. মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী। মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
অগ্নি অনুবিভাগ
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৫৫.০০১.১৮- ২৭৭

তারিখ : ২৯ ফাল্গুন ১৪২৪ / ১৩ মার্চ ২০১৮

বিষয় : স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণ যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে গঠিত টাস্ক টিম এর ১ম সভা অনুষ্ঠিত হয় গত ১৪/০১/২০১৮ তারিখে। এ বিষয়ে ৩১/০১/২০১৮ ও ১৮/০২/২০১৮ তারিখে মুখ্য সমন্বয়ক (এসডিজি) মহোদয়ের সভাপতিত্বে যথাক্রমে জাতীয় টাস্কফোর্স এর ১ম সভা এবং আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

০২। আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ২০/০২/২০১৮/ তারিখে ৫৮.০০.০০০০.০৫২.৫৫.০০১.১৮-২২১ নং স্মারকমূলে বিস্তারিতভাবে সকল উইং প্রধান এবং দপ্তর/সংস্থা প্রধান'কে অনুরোধ জানানো হয়। পরবর্তীতে একই বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২২/০২/২০১৮ তারিখে ০১টি আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

০৩। ২৭/০২/২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে পুনরায় আন্ত:মন্ত্রণালয় সভা হয়েছে এবং ২৮/০২/২০১৮তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয় সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, রাজনৈতিক নেতৃবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধি, শিক্ষা প্রতিষ্ঠান এবং অন্যান্য সকল শ্রেণি-পেশার মানুষের অংশগ্রহণের মাধ্যমে সকল কর্মসূচির নান্দনিক, আকর্ষণীয় ও সাড়ম্বর উদযাপনে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০৪.০০.০০০০.৫১২.২৩.০০১.১৬-১০৬নং ডিও পত্রমূলে অনুরোধ জানিয়েছেন।

০৪। উল্লিখিত বিষয়ে সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০১/০৩/২০১৮ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ পর্যালোচনা সভায় পুনরায় বিশদভাবে আলোচনা হয়। আগামী ২২/০৩/২০১৮ তারিখে ঢাকায় অনুষ্ঠেয় বর্ণাঢ্য শোভাযাত্রায় জাঁকজমকভাবে অংশগ্রহণ করা এবং ২০-২৫ মার্চ, ২০১৮ তারিখে বিভাগ/জেলা/উপজেলা/ইউনিয়ন পর্যায়ে নিজ নিজ দপ্তর/সংস্থার মাধ্যমে বিপুল উৎসাহ উদ্দীপনাসহ সেবা সপ্তাহ উদযাপন করার বিষয়ে ঐ সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সভার কার্যবিবরণী ইতোমধ্যে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা বরাবর প্রেরণ করা হয়েছে।

০৫। এলডিসি স্ট্যাটাস উত্তরণের সাফল্য উদযাপন সংক্রান্ত সকল ডকুমেন্ট, ব্যানার, ফ্যাস্টুন, স্যুভেনির, প্ল্যাকার্ড, ক্যাপ, টি-শার্টস এবং অন্যান্য দ্রব্য সামগ্রীতে ইআরডি কর্তৃক প্রস্তুতকৃত সেন্ট্রাল লোগো ব্যবহার করার জন্য গত ১১/০৩/২০১৮ তারিখে ৫৮.০০.০০০০.০১৪.৯৯.০০১.২০১৭-৯৪ নং স্মারকে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। উক্ত বিষয়ে ১৩/০৩/২০১৮ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় বিস্তারিত আলোচনা হয়েছে এবং এতদসংক্রান্ত সকল নির্দেশ, অনুশাসন যথাসময়ে যথাযথভাবে প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় নির্দেশ প্রদান করা হয়েছে।

০৬। উপরে বর্ণিত অবস্থার প্রেক্ষিতে স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য এবং এ সম্পর্কে নিজ নিজ দপ্তর/সংস্থার আওতাধীন অফিসসমূহকে যথাযথ নির্দেশনা প্রদানের জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

১৩/৩/২০১৮

(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)
অতিরিক্ত সচিব
ফোন : ৯৫৭৬৩৪৩
ই-মেইল : fire1@ssd.gov.bd

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

(১) অতিরিক্ত সচিব .(প্রশাসন)............ (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
(২) মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
(৩) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(৪) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
(৫) কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি :

০১। জনাব মনোয়ার আহমেদ, অতিরিক্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
০২। মহাপরিচালক-২, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
অগ্নি অনুবিভাগ
www.ssd.gov.bd

তারিখঃ ৮/০৩/১৮
মহাপরিচালকের কার্যালয়
অতিরিক্ত মহাপরিচালক
পরিচালক
পরিচালক
পরিচালক
পরিচালক (চিকিৎসা)
সহকারী পরিচালক (রেকর্ড)
ডকেট নং- ২৮৮০

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৫৫.০০১.১৮- ২৫৭

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৪
০৬ মার্চ ২০১৮

বিষয় : স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণ যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে গঠিত টাস্ক টিম এর ১ম সভা অনুষ্ঠিত হয় গত ১৪/০১/২০১৮ তারিখ। এ বিষয়ে ৩১/০১/২০১৮ ও ১৮/০২/২০১৮ তারিখে মুখ্য সমন্বয়ক (এসডিজি) মহোদয়ের সভাপতিত্বে যথাক্রমে জাতীয় টাস্কফোর্স এর ১ম সভা এবং আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

০২। আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ২০/০২/২০১৮/ তারিখে ৫৮.০০.০০০০.০৫২.৫৫.০০১.১৮-২২১ নং স্মারকমূলে বিস্তারিতভাবে সকল উইং প্রধান এবং দপ্তর/সংস্থা প্রধান'কে অনুরোধ জানানো হয়। পরবর্তীতে একই বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২২/০২/২০১৮ তারিখে ০১টি আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

০৩। ২৭/০২/২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে পুনরায় আন্ত:মন্ত্রণালয় সভা হয়েছে এবং ২৮/০২/২০১৮তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয় সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, রাজনৈতিক নেতৃবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধি, শিক্ষা প্রতিষ্ঠান এবং অন্যান্য সকল শ্রেণি-পেশার মানুষের অংশগ্রহণের মাধ্যমে সকল কর্মসূচির নান্দনিক, আকর্ষণীয় ও সাড়ম্বর উদযাপনে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০৪.০০.০০০০.৫১২.২৩.০০১.১৬-১০৬নং ডিও পত্রমূলে অনুরোধ জানিয়েছেন।

০৪। উল্লিখিত বিষয়ে সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০১/০৩/২০১৮ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ পর্যালোচনা সভায় পুনরায় বিশদভাবে আলোচনা হয়। আগামী ২২/০৩/২০১৮ তারিখে ঢাকায় অনুষ্ঠেয় বর্ণাঢ্য শোভাযাত্রায় জাঁকজমকভাবে অংশগ্রহণ করা এবং ২০-২৫ মার্চ, ২০১৮ তারিখে বিভাগ/জেলা/উপজেলা/ইউনিয়ন পর্যায়ে নিজ নিজ দপ্তর/সংস্থার মাধ্যমে বিপুল উৎসাহ উদ্দীপনাসহ সেবা সপ্তাহ উদযাপন করার বিষয়ে ঐ সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সভার কার্যবিবরণী ইতোমধ্যে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা বরাবর প্রেরণ করা হয়েছে।

০৫। উপরে বর্ণিত অবস্থার প্রেক্ষিতে স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি : বর্ণনামতে ০৬ (ছয়) ফর্দ।

(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)
অতিরিক্ত সচিব
ফোন : ৯৫৭৬৩৪৩
ই-মেইল : fire1@ssd.gov.bd

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

(১) অতিরিক্ত সচিব ....................................(সকল) উইং.................., সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা।
(২) মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
(৩) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(৪) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
(৫) কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি :

০১। জনাব মনোয়ার আহমেদ, অতিরিক্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
০২। মহাপরিচালক-২, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

**বিষয়ঃ স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে আন্তঃমন্ত্রণালয় সমন্বয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভার তারিখ | : ২৭ ফেব্রুয়ারি ২০১৮ |
| সময় | : বিকাল ৪:০০ ঘটিকা |
| স্থান | : মন্ত্রিসভা কক্ষ, মন্ত্রিপরিষদ বিভাগ |
| সভাপতি | : জনাব মোহাম্মদ শফিউল আলম<br>মন্ত্রিপরিষদ সচিব |

সভাপতি এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে আন্তঃমন্ত্রণালয় সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভার শুরুতে সভাপতি জানান যে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের ইতিহাসে সর্বোচ্চ গৌরবজনক এ সাফল্য উদযাপনের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/ বিভাগ জনমুখী উদ্যোগ ও কর্মসূচি পালনের পরিকল্পনা গ্রহণ করেছে। উৎসব মুখর পরিবেশে মার্চের ২০-২৫ তারিখে একই সুর ও ছন্দে জাতীয় পর্যায়ে এ উদযাপন সপ্তাহ পালনের লক্ষ্যে যথাযথ সমন্বয় সাধন প্রয়োজন। এ সভা সে লক্ষ্যে একটি দিক নির্দেশনা প্রদান করবে।

০২। এ পর্যায়ে সভাপতি অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)-এর সচিব কাজী শফিকুল আযমকে বক্তব্য প্রদানের জন্য অনুরোধ জানান। ইআরডি সচিব জানান যে আগামী ১২-১৬ মার্চ, ২০১৮ তারিখে জাতিসংঘের সিডিপি-এর ত্রি-বার্ষিক সভায় বাংলাদেশ স্বল্পোন্নত দেশ হতে উত্তরণের জন্য প্রথমবারের মত সুপারিশ লাভ করবে। তিনি এ প্রক্রিয়ায় ইআরডি-এর ভূমিকা সংক্ষিপ্ত আকারে ব্যাখ্যা করেন এবং এ উদযাপন আয়োজনের প্রাথমিক প্রস্তুতি তুলে ধরেন। মাননীয় প্রধানমন্ত্রী আগামী ২২ মার্চ ২০১৮ তারিখে আনুষ্ঠানিক কর্মসূচিতে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন মর্মে সভাকে অবহিত করেন। এছাড়াও জাতীয় টাস্কফোর্সের গত ১৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রণয়নকৃত আয়োজনের রূপরেখা মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদনের জন্য ইতোমধ্যে সার-সংক্ষেপ আকারে প্রেরণ করা হয়েছে যা বিবেচনাধীন আছে বলেও তিনি জানান

০৩। অতঃপর ইআরডি'র অতিরিক্ত সচিব (ডিই উইং) ও জাতীয় টাস্কফোর্স-এর সদস্য-সচিব, জনাব মনোয়ার আহমেদকে উদযাপনের প্রণীত রূপরেখা উপস্থাপনার জন্য আমন্ত্রণ জানানো হয়। জনাব মনোয়ার আহমেদ বাংলাদেশের এলডিসি স্ট্যাটাস উত্তরণের প্রেক্ষাপট ও বর্তমান অবস্থান সংক্ষিপ্ত আকারে তুলে ধরেন এবং জাতীয় পর্যায়ে উদযাপনের প্রণীত রূপরেখার সর্বশেষ অগ্রগতি উপস্থাপন করেন। আগামী ২২ মার্চ ২০১৮ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে "অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় বাংলাদেশ"-কে বলিষ্ঠ ও সফল নেতৃত্বের জন্য মাননীয় প্রধানমন্ত্রীকে সংবর্ধনা জ্ঞাপনের লক্ষ্যে ইআরডি-এর প্রস্তুতি ও আয়োজন উক্ত সভায় তুলে ধরেন। এছাড়াও আগামী ২৩ মার্চ ২০১৮ তারিখে হোটেল রেডিসন ব্লু-তে অনুষ্ঠেয় আন্তর্জাতিক সেমিনারের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

০৪। আগামী ২২ মার্চ ২০১৮ তারিখে বর্ণাঢ্য শোভাযাত্রার মূল সমন্বয়ের দায়িত্বপ্রাপ্ত স্থানীয় সরকার বিভাগ-এর সচিব বিস্তারিতভাবে সেদিনের গৃহীতব্য বিভিন্ন উদ্যোগের বিষয়টি উপস্থাপন করেন। সকল মন্ত্রণালয়/বিভাগ ও তাদের সংস্থাসমূহ নিজ নিজ উদ্যোগে বর্ণিল সাজে সজ্জিত হয়ে নয়টি পয়েন্টে মিলিত হয়ে সেখান হতে বেলা ৩টায় বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম-এর উদ্দেশ্যে যাত্রা করবে। সভাপতি প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা, ট্রাফিক ব্যবস্থাপনা, জরুরি চিকিৎসা ব্যবস্থা, পানি, শৌচাগার ইত্যাদি বিষয়ে সমন্বয়ের উপর গুরত্বারোপ করেন। মুখ্যসমন্বয়ক শোভাযাত্রার প্রস্তাবিত গতিপথ আরো ছড়িয়ে দেয়ার পরামর্শ দেন।

০৫। বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম-এ সান্ধ্যকালীন সাংস্কৃতিক অনুষ্ঠান, লেজার শো ও ফায়ার ওয়ার্কস্-এর মূল সমন্বয়ের দায়িত্বপ্রাপ্ত সংস্কৃতি মন্ত্রণালয়ের সচিব তারকা-শিল্পীদের শোভাযাত্রা ও স্টেডিয়ামে অনুষ্ঠানের প্রস্তুতির চিত্র তুলে ধরেন। এছাড়াও তিনি দেশব্যাপী মাঠ/ তৃণমূল পর্যায়ে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে বিভিন্ন রকমের সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে জনগণের মাঝে একটি উৎসবের আবহ তৈরি করা হবে বলে সভাকে অবহিত করেন।

উপসচিব (কেবিনেট অধিশাখা)
ডায়েরি নং- ৬০৫ তারিখ

০৬। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে প্রয়োজনীয় সুবিধাদি নিশ্চিতকরণের আশ্বাস দেন। তিনি জনপ্রিয়তার ভিত্তিতে দেশব্যাপী ম্যাপিং-এর মাধ্যমে প্রতিযোগিতামূলক বিভিন্ন খেলাধুলার আয়োজনের বিষয়ে সভাকে অবহিত করেন। সভাপতি স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে এ আয়োজন বাস্তবায়নের পরামর্শ দেন।

০৭। ধর্ম মন্ত্রণালয়-এর সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ-এর সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়-এর সচিব তাদের স্ব-স্ব মন্ত্রণালয়/ বিভাগ-এর উদযাপন আয়োজন ও সেবা কর্মসূচির উদ্যোগ তুলে ধরেন। তথ্য মন্ত্রণালয় দেশব্যাপী ব্যাপক প্রচারণার পরিকল্পনা ও উদ্যোগ গ্রহণ করেছে মর্মে সংশ্লিষ্ট সচিব সভাকে অবহিত করেন। এছাড়াও শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন বিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং তথ্য ও প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রতিনিধিবর্গ স্ব-স্ব উদ্যোগ ও আয়োজনের পূর্ণাঙ্গ চিত্র উপস্থাপন করেন।

০৮। এ পর্যায়ে মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক) জাতীয় টাস্কফোর্সের পরামর্শে জনগণের জন্য সকল মন্ত্রণালয়/ বিভাগের ২০-২৫ মার্চ সপ্তাহব্যাপী সেবা প্রদানের স্বতঃস্ফূর্ত উদ্যোগ গ্রহণের ভূয়সী প্রশংসা করেন। তিনি মাঠ পর্যায়ে মন্ত্রিপরিষদ সচিবের নির্দেশনার অনুবৃত্তিক্রমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ-কে তাদের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয়ের পরামর্শ দেন।

০৯। বিস্তারিত আলোচনার পর অনুষ্ঠান/ কর্মসূচিভিত্তিক নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

<u>বৃহস্পতিবার, ২২ মার্চ, ২০১৮</u>

| অনুষ্ঠান/ কর্মসূচি | সিদ্ধান্ত |
|---|---|
| আনুষ্ঠানিক সম্বর্ধনা কর্মসূচিঃ<br>সকাল ১০:০০ ঘটিকা, বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র<br>মাননীয় প্রধানমন্ত্রীকে আনুষ্ঠানিকভাবে সংবর্ধনা প্রদান | বাস্তবায়নেঃ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ |
| বর্ণাঢ্য শোভাযাত্রাঃ<br>বেলা ৩:০০ ঘটিকা<br>বাংলার ঐতিহ্য, সংস্কৃতি ও উন্নয়ন তুলে ধরে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ গুরুত্বপূর্ণ সংস্থা কর্তৃক শহরময় সুসজ্জিত বাদকদল/ তারকা খেলোয়াড়/ অভিনেতাসহ/ বিশিষ্ট ব্যক্তিবর্গ ও জনগণের অংশগ্রহণে চারটি পয়েন্ট হতে যাত্রা শুরু করে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে সকলের উপস্থিতি | সমন্বয়েঃ স্থানীয় সরকার বিভাগ;<br>মন্ত্রণালয়/ বিভাগ/ গুরুত্বপূর্ণ সংস্থা বর্ণিল সাজে বাদকদলসহ শহরময় প্রদক্ষিণ করে ৯টায় নির্দিষ্ট পয়েন্টে একত্রিত হয়ে স্টেডিয়ামের উদ্দেশ্যে শোভাযাত্রা করবে। |
| সান্ধ্যকালীন সাংস্কৃতিক অনুষ্ঠানঃ<br>সন্ধ্যা ৬:০০ ঘটিকা, বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম<br>লেজার শো, ফায়ারওয়ার্কসহ ২-৩ ঘন্টার একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান | বাস্তবায়নেঃ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, বিদ্যুৎ বিভাগ সংশ্লিষ্ট সংস্থার সথে সমন্বয় করে ব্যবস্থা গ্রহণ করবে। |

<u>শুক্রবার, মার্চ ২৩, ২০১৮</u>

| অনুষ্ঠান/ কর্মসূচি | সিদ্ধান্ত |
|---|---|
| আন্তর্জাতিক সেমিনারঃ<br>সকাল ১০:০০ ঘটিকা, হোটেল রেডিসন ব্লু<br>এলডিসি ক্যাটাগরি হতে উত্তরণ সংক্রান্ত একটি আন্তর্জাতিক সেমিনার | বাস্তবায়নেঃ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ |
| টেকনিক্যাল টিমের সাথে মতবিনিময়ঃ<br>বেলা ৪:০০ ঘটিকা, হোটেল রেডিসন ব্লু<br>সীমিত পর্যায়ে বিশেষজ্ঞদের নিয়ে মতবিনিময় | বাস্তবায়নেঃ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ |

<u>সারাদেশ ব্যাপী উদযাপন কর্মসূচি, মার্চ ২০-২৫, ২০১৮</u>

| অনুষ্ঠান/ কর্মসূচি | সিদ্ধান্ত |
|---|---|
| বিশেষ সেবা সপ্তাহ পালনঃ সকল মন্ত্রণালয়/ বিভাগ এবং জেলা/উপজেলা/ইউনিয়ন পর্যায়ে সেবাদান | মন্ত্রিপরিষদ বিভাগ হতে একটি দিক-নির্দেশনামূলক পত্র প্রেরণ করা হবে। এর অনুবৃত্তিক্রমে সকল মন্ত্রণালয়/ বিভাগ স্থানীয় পর্যায়ে সম্প্রসারিত সাংগঠনিক কাঠামোকে বিভাগীয় কমিশনার/ জেলা প্রশাসক/ |

| | |
|---|---|
| | উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে সমন্বয় করে কর্মসূচি পালন করার নির্দেশনা প্রদান করবে। |
| জেলা/ উপজেলা পর্যায়ে আলোচনা, সেমিনারের আয়োজন, চিত্র প্রদর্শনী, ছবি আঁকা প্রতিযোগিতা, আনন্দ শোভাযাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠান | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ স্থানীয় পর্যায়ে সম্প্রসারিত সাংগঠনিক কাঠামোকে বিভাগীয় কমিশনার/ জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে সমন্বয় করে কর্মসূচি পালন করার নির্দেশনা প্রদান করবে। |
| তথ্য ও প্রযুক্তি বিষয়ক উন্নয়নের প্রদর্শনী | তথ্য ও প্রযুক্তি মন্ত্রণালয় স্থানীয় পর্যায়ে সম্প্রসারিত সাংগঠনিক কাঠামোকে বিভাগীয় কমিশনার/ জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে সমন্বয় করে কর্মসূচি পালন করার নির্দেশনা প্রদান করবে। |
| এলাকাভিত্তিক জনপ্রিয় খেলাধূলার প্রতিযোগিতার আয়োজন, যেমনঃ নৌকা বাইচ, লাঠিখেলা, ফুটবল, কাবাডি, ক্রিকেট ইত্যাদি | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় স্থানীয় পর্যায়ে সম্প্রসারিত সাংগঠনিক কাঠামোকে বিভাগীয় কমিশনার/ জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে সমন্বয় করে কর্মসূচি পালন করার নির্দেশনা প্রদান করবে। |

<u>দেশব্যাপী প্রচার অভিযান, মার্চ ২০-২৫, ২০১৮</u>

| অনুষ্ঠান/ উদ্যোগ | সিদ্ধান্ত |
|---|---|
| প্রিন্ট মিডিয়ায় গোল টেবিল আলোচনা, তথ্যধর্মী লেখা, সম্পাদকীয় প্রকাশ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ হতে প্রয়োজনীয় তথ্য ও বিবরণী সংগ্রহপূর্বক তথ্য মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। |
| টিভি/ বেতার/ইলেক্ট্রনিক মিডিয়ায় TVC, থিম সং (Theme Song) প্রচারসহ টকশোধর্মী বিভিন্ন আলোচনার আয়োজন | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ হতে প্রয়োজনীয় তথ্য ও বিবরণী সংগ্রহপূর্বক তথ্য মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। |
| দেশের পরিচিত সুশীল সমাজের প্রতিনিধিদের সম্পৃক্ত করে উত্তরণের ইতিবাচক দিকগুলো জনগণের মাঝে উপস্থাপন | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ হতে প্রয়োজনীয় তথ্য ও বিবরণী সংগ্রহপূর্বক তথ্য মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। |
| সকল পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানকে সম্পৃক্ত করে এলডিসি উত্তরণ সংক্রান্ত তথ্য উপস্থাপন | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ হতে প্রয়োজনীয় তথ্য ও বিবরণী সংগ্রহপূর্বক শিক্ষা সংক্রান্ত তিনটি মন্ত্রণালয়/ বিভাগই ব্যাপক প্রচারণার উদ্যোগ গ্রহণ করবে। |
| ফেসবুক, টুইটার, ব্লগ ইত্যাদির মত সোশ্যাল মিডিয়ায় এ অর্জনের প্রচারণা | বাস্তবায়নেঃ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ |
| ঢাকা শহরকে নানাবিধ ফেস্টুন, ব্যানার, পোস্টার, এলইডি লাইটিং, রঙিন পতাকা দিয়ে সজ্জিতকরণ | বাস্তবায়নেঃ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ |
| জেলা/ উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক ও পয়েন্টে ফেস্টুন, ব্যানার, পোস্টার, TVC, Theme Song প্রচার | স্থানীয় সরকার বিভাগ-এর সাথে সমন্বয় করে তথ্য মন্ত্রণালয় বাস্তবায়ন করবে। |
| বাস/ গাড়িসহ বিভিন্ন যানবাহনে উন্নয়ন ও উত্তরণ সংক্রান্ত স্টিকার | বাস্তবায়নেঃ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| পালাগান/ জারি গান/ লোকজ সংস্কৃতির মাধ্যমে উন্নয়ন ও উত্তরণের গুরুত্ব তুলে ধরে প্রচারণা | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও তথ্য মন্ত্রণালয় সমন্বিত উদ্যোগের মাধ্যমে বাস্তবায়ন করবে। |

১০। সভায় উপর্যুক্ত কর্মসূচিসমূহ বাস্তবায়নে সমন্বিত উদ্যোগের লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহও গৃহীত হয়ঃ

ক. প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট সকল অংশীজনকে সম্পৃক্ত করে উত্তরণ উদযাপনের উদ্যোগ গ্রহণ করবে;

খ. ঢাকার বাইরে ছাত্র, শিক্ষক, অভিভাবকদের নিয়ে স্থানীয় পর্যায়ে শোভাযাত্রা বের করা হবে। তবে ঢাকার শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সামনে ২২ মার্চ ২০১৮ তারিখ সকালে ছাত্র ও শিক্ষকরা সমবেতভাবে দাঁড়িয়ে ২৫-৩০ মিনিটের জন্য প্লেকার্ড, ব্যানার, পোস্টার প্রদর্শন করবে।

গ. ঢাকার বাইরে স্থানীয় পর্যায়ে বিভিন্ন প্রতিষ্ঠানের শৃঙ্খলাবদ্ধ শোভাযাত্রা আয়োজনের লক্ষ্যে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করতে হবে।

ঘ. ধর্ম মন্ত্রণালয় সকল ধর্ম উপসনালয়ে প্রার্থনার আয়োজন করার প্রয়োজনীয় নির্দেশনা ও সমন্বয় করবে। আগামী ২৩ মার্চ ২০১৮ তারিখ শুক্রবার জুম্মাবাদ মসজিদে এবং অন্যান্য ধর্মের গুরুত্বপূর্ণ দিনগুলোতে দেশ ও জাতির জন্য প্রার্থনার আয়োজন করা হবে।

ঙ. সকল মন্ত্রণালয়/বিভাগ উত্তরণ উদযাপন ও বিশেষ সেবা সপ্তাহ পালনের উদ্যোগ স্ব-স্ব বাজেট হতে বাস্তবায়ন করার চেষ্টা করবে। একান্ত প্রয়োজনে স্ব-উদ্যোগে অর্থ মন্ত্রণালয় হতে বাজেট সংগ্রহ করবে।

চ. অর্থনৈতিক সম্পর্ক বিভাগ উদযাপন আয়োজনের মূল লক্ষ্য ও উদ্দেশ্যেকে সামনে রেখে একটি লোগো (নেমোনিক), থিম সং, টিভিসি, প্রামাণ্য ভিডিও চিত্র, স্মরনিকা প্রকাশ করবে- যা দেশব্যাপী প্রচার ও ব্যবহার করা হবে। কোন মন্ত্রণালয়/ বিভাগ নিজ উদ্যোগে থিম সং, টিভিসি, প্রামাণ্য ভিডিও চিত্র, স্মরনিকা প্রকাশের উদ্যোগ গ্রহণ করে থাকলে তা মূল সুরের সাথে সংগতিপূর্ণ ও সামঞ্জস্যপূর্ণ হওয়ার জন্য এক্ষেত্রে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ-এর সাথে প্রয়োজনীয় সমন্বয় সাধন করতে হবে।

ছ. কোন মন্ত্রণালয়/ বিভাগ উত্তরণ সংক্রান্ত কোন লেখা/ প্রবন্ধ দেশে/ বিদেশে প্রকাশের উদ্যোগ গ্রহণ করলে তথ্যের অসংগতি/ অসামঞ্জস্যতা রোধকল্পে তা অর্থনৈতিক সম্পর্ক বিভাগকে অবহিত রেখে করতে হবে।

জ. শোভাযাত্রার ফলে যানজট এড়াতে শহরবাসীকে পূর্ব হতেই যাত্রার গতিপথ গণমাধ্যমের সহযোগিতায় অবহিত করতে হবে। স্থানীয় সরকার বিভাগ অন্যান্য সংশ্লিষ্ট যেমনঃ জননিরাপত্তা বিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, সিটি কর্পোরেশন-এর সাথে নিবিড়ভাবে সমন্বয় সাধন করে বাস্তবায়ন করবে।

ঝ. প্রত্যেক মন্ত্রণালয়/ বিভাগ একজন উচ্চ পর্যায়ের কর্মকর্তাকে ফোকাল পয়েন্ট নির্বাচন করে তাঁর ফোন, ইমেইল সকলের অবগতির জন্য ব্যবস্থা গ্রহণ করবে।

ঞ. অর্থনৈতিক সম্পর্ক বিভাগ হতে স্মরণিকার জন্য অনুরোধকৃত সকল মন্ত্রণালয়/ বিভাগ ও তাদের গুরুত্বপূর্ণ সংস্থার সাফল্য ও উন্নয়ন বিবরণী আগামী ৪ মার্চ ২০১৮ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

ট. গুরুত্বপূর্ণ কর্মসূচিগুলোর মূল সমন্বয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রিপরিষদ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ-এর সাথে সমন্বয় করে জননিরাপত্তা বিভাগ প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করবে।

১১। সভাপতি স্বল্পোন্নত দেশ হতে উত্তরণে বাংলাদেশের এ অগ্রযাত্রাকে স্বাধীনতা পরবর্তী বাংলাদেশের উন্নয়নে সর্বোচ্চ মাইলফলক হিসেবে অভিহিত করেন। তিনি একে মাননীয় প্রধানমন্ত্রীর প্রেক্ষিত পরিকল্পনা ও ভিশন ২০২১-এর সফল রূপায়ণে ১৬ কোটি বাঙালীর পরিশ্রমের ফসল হিসেবে আখ্যায়িত করেন। জনগণকে সম্পৃক্ত করে ১৬ কোটি বাঙালীর গৌরবময় এ অর্জন উদযাপন আয়োজন করতে তিনি সকল মন্ত্রণালয়/বিভাগ-কে আন্তরিকতার সাথে অংশগ্রহণের জন্য অনুরোধ জানান।

১২। অতঃপর আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০২/০৩/২০১৮

(মোহাম্মদ শফিউল আলম)
মন্ত্রিপরিষদ সচিব

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আধা-সরকারি পত্র নম্বর: ০৪.০০.০০০০.৫১২.২৩.০০১.১৬.১০৬

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৪
২৮ ফেব্রুয়ারি ২০১৮

***প্রিয় সহকর্মী,***

আনন্দের সঙ্গে জানাচ্ছি যে নিম্ন-আয়ের দেশ থেকে নিম্নমধ্য আয়ের দেশে উত্তরণে জাতিসংঘের নির্ধারিত শর্তাবলি বাংলাদেশ ইতোমধ্যে অর্জন করেছে। মার্চ ২০১৮ মাসেই আমরা জাতিসংঘের এ স্বীকৃতি লাভ করব বলে আশা করছি। 'নিম্ন-আয়ের' দেশ থেকে 'নিম্নমধ্য আয়ের' দেশে উত্তরণ স্বাধীনতা-উত্তরকালে বাংলাদেশের উন্নয়নের ইতিহাসে একটি অন্যতম অর্জন। সরকার বর্ণিল আয়োজনের মাধ্যমে অনবদ্য এই অর্জনকে আগামী ২০ মার্চ থেকে সপ্তাহব্যাপী সারাদেশে উদ্‌যাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

বাংলাদেশ ১৯৭৫ সালে জাতিসংঘের নিম্ন-আয় শ্রেণিতে অন্তর্ভুক্ত হয়। প্রতিষ্ঠাকালে উক্ত শ্রেণির সদস্য সংখ্যা ২৫ থাকলেও বর্তমান সংখ্যা ৪৭। অদ্যাবধি পাঁচটি দেশ অর্থাৎ বাতসোয়ানা (১৯৯৪), কেপভর্দ (২০০৭), মালদ্বীপ (২০১১), সামোয়া (২০১৪) ও ইকুয়েটোরিয়াল গিনি (২০১৭) স্বল্পোন্নত দেশের (এলডিসি) পদমর্যাদা থেকে উত্তরণের (graduation) সক্ষমতা লাভ করেছে। ২০১৮ সালে সুপারিশ লাভের সম্ভাব্য তিনটি দেশের অন্যতম হলো বাংলাদেশ। বাংলাদেশই এখন পর্যন্ত একমাত্র দেশ যে তিনটি নির্ণায়ক একসঙ্গে পূরণ করে উত্তরণের যোগ্যতা অর্জন করতে যাচ্ছে। উল্লেখ্য, তিনটি নির্ণায়কের যেকোনো দু'টির উত্তরণ-মান অর্জন করলে, কিংবা মাথাপিছু জিএনআই উত্তরণ-মানের দ্বিগুণ হলেই এই স্বীকৃতি পাওয়া যায়। জাতিসংঘের নির্ধারিত তিনটি পূর্বশর্ত ও বাংলাদেশের অর্জনের তুলনামূলক বিবরণী নিচের ছকে দেওয়া হলো:

| ক্রম | নির্ণায়ক | উত্তরণের মান ২০১৮ | সিডিপি | বিবিএস |
|---|---|---|---|---|
| ১. | GNI Per Capita | ১,২৩০ ইউএসডি বা তার বেশি (গত তিন বছরের গড়) | ১,২৭২ ইউএসডি | ১,২৭১ ইউএসডি |
| ২. | Human Asset Index | ৬৬ বা তার বেশি | ৭২.৮ | ৭২.৯ |
| ঃ. | Economic Vulnerability Index | ৩২ বা তার কম | ২৫.০ | ২৪.৮ |

দারিদ্র্যের দুষ্টচক্র, কর্মহীনতা, দুর্যোগের রক্তচক্ষুকে পদদলিত করে অতুলনীয় এই অর্জন বিশ্ববাসীর নিকট এক বিস্ময়। 'বাঙালিকে কেউ দাবায়ে রাখতে পারবা না' জাতির পিতার সেই অগ্নিঝরা প্রত্যয়-এর প্রকৃষ্ট উদাহরণ। স্মরণীয় এই অর্জন দেশব্যাপী বর্ণিল আয়োজনের মাধ্যমে উদ্‌যাপনের জন্য ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়েছে (কর্মসূচি সংযুক্ত)। এই উদ্‌যাপনের অংশ হিসেবে সারা দেশব্যাপী ২০-২৫ মার্চ, ২০১৮ প্রচারাভিযান ও সেবা সপ্তাহ পালিত হবে। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের কর্মসূচি ও সেবা নাগরিকদের দোরগোড়ায় পৌঁছে দিতে ও কর্মসূচি সফল করতে আপনি ও আপনার সহকর্মীদের সহযোগিতা একান্তভাবে প্রত্যাশা করছি। সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, রাজনৈতিক নেতৃবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধি, শিক্ষা প্রতিষ্ঠান এবং অন্যান্য সকল শ্রেণি-পেশার মানুষের অংশগ্রহণের মাধ্যমে সকল কর্মসূচির নান্দনিক, আকর্ষণীয় ও সাড়ম্বর উদ্‌যাপনে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।

আপনার গতিশীল নেতৃত্ব, সামগ্রিক সমন্বয় এবং সকল শ্রেণি-পেশার মানুষের অংশগ্রহণে উক্ত কর্মসূচি সাফল্যের সঙ্গে উদ্‌যাপিত হবে বলে আমি বিশ্বাস করি।

***শুভেচ্ছান্তে,***

আন্তরিকভাবে আপনার,

(মোহাম্মদ শফিউল আলম)

জনাব ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী
সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

# সারা দেশব্যাপী অনুষ্ঠান কর্মসূচি ২০-২৫ মার্চ, ২০১৮

| ক্রম | কর্মসূচি | মূল সমন্বয়ক |
|---|---|---|
| ০১. | বিশেষ সেবা সপ্তাহ পালন- সকল মন্ত্রণালয়/ বিভাগ এবং জেলা/ উপজেলা/ ইউনিয়ন পর্যায়ে নাগরিক সুবিধাগুলো জনগণের দোড়গোঁড়ায় পৌঁছে দিতে দৃশ্যমানভাবে সেবাদান ও মান নিশ্চিতকরণ; | মন্ত্রিপরিষদ বিভাগ/স্থানীয় সরকার বিভাগ |
| ০২. | জেলা/ উপজেলা পর্যায়ে আলোচনা, সেমিনারের আয়োজন, চিত্র প্রদর্শনী, ছবি আঁকা প্রতিযোগিতা, আনন্দ শোভাযাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠান; | বিভাগীয় কমিশনার/ জেলা প্রশাসক/ ইউ.এন.ও |
| ০৩. | তথ্য ও প্রযুক্তি বিষয়ক উন্নয়ন-প্রদর্শনী; | তথ্য ও প্রযুক্তি মন্ত্রণালয় |
| ০৪. | এলাকাভিত্তিক জনপ্রিয় খেলাধূলার প্রতিযোগিতার আয়োজন, যেমন: নৌকাবাইচ, লাঠিখেলা, ফুটবল, কাবাডি, ক্রিকেট ইত্যাদি; | বিভাগীয় কমিশনার/ জেলা প্রশাসক |
| ০৫. | প্রিন্ট মিডিয়ায় গোলটেবিল আলোচনা, তথ্যধর্মী লেখা, সম্পাদকীয় প্রকাশ | তথ্য মন্ত্রণালয় |
| ০৬. | টিভি/রেডিও ইলেক্ট্রনিক মিডিয়ায় TVC, থিম সং (Theme Song) প্রচারসহ টকশোধর্মী বিভিন্ন আলোচনার আয়োজন; | তথ্য মন্ত্রণালয় |
| ০৭. | দেশের পরিচিত সুশীল সমাজের প্রতিনিধিদের সম্পৃক্ত করে উত্তরণের ইতিবাচক দিকগুলো জনগণের মাঝে উপস্থাপন; | তথ্য মন্ত্রণালয় |
| ০৮. | সকল পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানকে সম্পৃক্ত করে এলডিসি উত্তরণ সংক্রান্ত তথ্য উপস্থাপন; | শিক্ষা মন্ত্রণালয় |
| ০৯. | ফেসবুক, টুইটার, ব্লগ ইত্যাদির মতো সোশ্যাল মিডিয়ায় এই অর্জনের প্রচার; | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ |
| ১০. | ঢাকা শহরকে সজ্জিতকরণ: ফেস্টুন, ব্যানার, পোস্টার, লাইটিং, রঙিন পতাকা | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ |
| ১১. | বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক ও পয়েন্টে TVC, Theme Song প্রচার; | স্থানীয় সরকার বিভাগ |
| ১২. | বাস/গাড়িসহ বিভিন্ন যানবাহনে উন্নয়ন ও উত্তরণ সংক্রান্ত স্টিকার লাগানো; | সড়ক বিভাগ |
| ১৩. | পালাগান/ জারি গান/ লোকজ সংস্কৃতির মাধ্যমে উন্নয়ন প্রচার; | সংস্কৃতি মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয় |

০৫/০৩/১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
অগ্নি অনুবিভাগ
www.ssd.gov.bd

২২৪৯

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৫৫.০০১.১৮-২৮৬

তারিখ : ১৭ ফাল্গুন ১৪২৪ / ০১ মার্চ ২০১৮

বিষয় : বাংলাদেশের এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণযোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণযোগ্যতা অর্জনের সাফল্য জাঁকজমকভাবে উদযাপনের লক্ষ্যে সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে ০১/০৩/২০১৮ তারিখে এক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সমন্বয় সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ০৩ (তিন) ফর্দ

(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)
অতিরিক্ত সচিব
ফোন : ৯৫৭৬৩৪৩
ই-মেইল : fire1@ssd.gov.bd

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

(১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২) মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
(৩) সচিব ,অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
(৪) সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৫) সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৬) অতিরিক্ত সচিব.....................উইং (সকল), সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা।
(৭) মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
(৮) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(৯) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
(১০) কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
(১১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(১২) সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
(১৩) অফিস/মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
অগ্নি অনুবিভাগ
www.ssd.gov.bd

**বাংলাদেশের এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণযোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন সংক্রান্ত সভার কার্যবিবরণী :**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| সভার তারিখ | : | ০১ মার্চ ২০১৮ |
| সময় | : | বিকাল ০৩.০০ টা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জনান যে, জাতিসংঘ ১৯৭১ সালে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের তিনটি নির্ণায়ক (Criteria) এর ভিত্তিতে স্বল্পোন্নত দেশ হিসেবে চিহ্নিত করে এলডিসি শ্রেণি প্রতিষ্ঠা করে, (১)মাথাপিছু আয় (GNI Per Capita), (২) মানব সম্পদ সূচক (Human Assets Index-HAI) এবং (৩) অর্থনৈতিক ঝুঁকি সূচক (Economic Vulnerability Index-EVI)। বাংলাদেশ ১৯৭৫ সালে এলডিসি শ্রেণিতে অন্তর্ভুক্ত হয়। প্রতিষ্ঠাকালে এলডিসি'র সংখ্যা ছিল ২৫, বর্তমানে এলডিসি'র সংখ্যা ৪৭। এলডিসি থেকে উত্তরণে তিনটি নির্ণায়কের মানদন্ড হচ্ছে : (ক) মাথাপিছু জিএনআই (Per Capita GNI): US$1230 বা বেশী, (খ) মানবসম্পদ সূচক (HAI) : ৬৬ বা বেশী এবং (গ) অর্থনৈতিক ঝুঁকি সূচক (EVI) : ৩২ বা কম। উত্তরণের জন্য তিনটি নির্ণায়কের যে কোন দু'টির নির্ধারিত মান অথবা জিএনআই এর দ্বিগুণ (income only criteria) অর্জন করতে হয়। বাংলাদেশই প্রথম দেশ যা তিনটি নির্ণায়কের সবগুলোতে মান অর্জনে সক্ষম হয়েছে।

০২। আলোচনায় অংশ নিয়ে অতিরিক্ত সচিব (অগ্নি/উন্নয়ন) জানান যে, উক্ত বিষয়ে ১৮/০২/২০১৮ তারিখে এলডিসি বিষয়ক মুখ্য সমন্বয়ক মহোদয়ের সভাপতিত্বে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আলোচ্য ঐতিহাসিক অর্জন উদযাপন উপলক্ষে কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয়। তন্মধ্যে অত্র বিভাগ সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

| সময়/স্থান | অনুষ্ঠান/কর্মসূচি | মন্তব্য | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| সকাল ১১.০০ মি: বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র | এলডিসি স্ট্যাটাস থেকে উদযাপন উপলক্ষে প্রস্তুতকৃত বিশেষ স্মারণিকা বিতরণ | বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ এবং তাদের গুরুত্বপূর্ণ সংস্থাগুলোর সাফল্য ও উন্নয়ন বিবরণী স্মারণিকায় তুলে ধরা হবে। প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ এবং তাদের গুরুত্বপূর্ণ সংস্থা এক পৃষ্ঠায় তাদের সাফল্য ও অর্জন এবং তাদের কার্যক্রমের সাথে সঙ্গতিপূর্ণ অথবা প্রতিনিধিত্ব করে এমন একটি প্রতীকী ছবিও এই বিবরণীতে অন্তর্ভুক্ত করতে পারে। এ বিষয়ের বিবরণী ০৪/০৩/২০১৮ তারিখের মধ্যে ইআরডি'তে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, মহাপরিচালক-ডিআইপি, মহাপরিচালক-ফাসাসিডি, কারা মহাপরির্শক-কারা অধিদপ্তর এবং মহাপরিচালক-ডিএনসি। |
| বেলা ০৩.০০ মি: বাংলাদেশ শিশু একাডেমি প্রাঙ্গণ থেকে বর্ণাঢ্য শোভাযাত্রা | বাংলার ঐতিহ্য, সংস্কৃতি ও উন্নয়ন তুলে ধরে মন্ত্রণালয়/ গুরুত্বপূর্ণ সংস্থা কর্তৃক শহরময় সুসজ্জিত বাদক/তারকা খেলোয়ার / অভিনেতা / বিশিষ্ট ব্যক্তিবর্গ ও জনগণের অংশগ্রহণে | স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ বেলা ২.৩০ মিনিটের মধ্যে বাংলাদেশ শিশু একাডেমি প্রাঙ্গণে সমবেত হবেন। | ঐ |

সারা দেশব্যাপী উদযাপন কর্মসূচি, মার্চ ২০-২৫, ২০১৮

| অনুষ্ঠান/কর্মসূচি | মন্তব্য | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| বিশেষ সেবা সপ্তাহ পালন- জেলা / উপজেলা / ইউনিয়ন পর্যায়ে নাগরিক সুবিধাগুলো জনগণের দোরগোড়ায় পৌছে দেয়ার ব্যবস্থাকরণ | • বিশেষ সেবা সপ্তাহে নিজ নিজ সংস্থার সেবা/সুবিধাসমূহ জনগণের দোরগোড়ায় দৃশ্যমানভাবে পৌছে দেয়ার ব্যবস্থা করা।<br>• বিশেষ সেবা সপ্তাহে ডিআইপি কর্তৃক অনলাইনে পাসপোর্টের আবেদন এবং ফি জমা দেয়া সংক্রান্ত সেবা জনগণের দোরগোড়ায় নিয়ে যাওয়া যেতে পারে।<br>• ডিএনসি কর্তৃক মাঠ পর্যায়ে মাদকের কুফল সম্পর্কে উঠান বৈঠকের আয়োজন করা যেতে পারে।<br>• এফএসসিডি কর্তৃক দুর্যোগ প্রতিরোধ ও প্রতিকার সম্পর্কে মাঠ পর্যায়ে সচেতনতামূলক কর্মসূচি এবং প্রশিক্ষণ মহড়া আয়োজন করা যেতে পারে।<br>• কারা অধিদপ্তর কর্তৃক কারাগারকে সংশোধনাগারে রূপান্তরকরণ, কারাগারে প্রিজন লিংক কর্মসূচি বাস্তবায়ন, মুক্তির পর পুনর্বাসনের লক্ষ্যে কারাবন্দিগণ কর্তৃক উৎপাদিত পণ্যের লভ্যাংশের ৫০% অর্থ সংশ্লিষ্ট কারাবন্দিকে প্রদান, প্রশিক্ষণ কর্মসূচি ইত্যাদি বিষয় বিশেষ সেবা সপ্তাহে উপস্থাপন করা যেতে পারে। | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, মহাপরিচালক-ডিআইপি, মহাপরিচালক-ফাসাসিডি, কারা মহাপরির্শক-কারা অধিদপ্তর এবং মহাপরিচালক-ডিএনসি। |

সারা দেশব্যাপী উদযাপন কর্মসূচি, মার্চ ২০-২৫, ২০১৮

| অনুষ্ঠান/কর্মসূচি | মন্তব্য | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| জেলা/উপজেলা পর্যায়ে আলোচনা, সেমিনার, চিত্র প্রদর্শনী, ছবি আঁকা প্রতিযোগিতা, আনন্দ শোভাযাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক/ ইউ.এন.ও'র সাথে সমন্বয় করে আয়োজন করা যেতে পারে। | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, মহাপরিচালক- ডিআইপি, মহাপরিচালক- ফাসাসিডি, কারা মহাপরির্শক- কারা অধিদপ্তর এবং মহাপরিচালক-ডিএনসি। |
| এলাকাভিত্তিক জনপ্রিয় খেলাধূলার প্রতিযোগিতার আয়োজন, যেমন : নৌকা বাইচ, লাঠিখেলা, ফুটবল, কাবাডি, ক্রিকেট ইত্যাদি | বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক | |

০৩। আলোচ্য আন্ত:মন্ত্রণালয় সভার ধারাবাহিকতাক্রমে সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে ১৮/০২/২০১৮ তারিখে অনুষ্ঠিত সভায় অত্র বিভাগের কর্মপরিকল্পায় নিম্নবর্ণিত বিষয়াদি অন্তর্ভুক্তকরণের জন্য পরামর্শ প্রদান করা হয় :

| দপ্তর/সংস্থার নাম | প্রস্তাবিত কর্মপরিকল্পনার বিবরণ |
|---|---|
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ন্যাশনাল ইমার্জেন্সি সার্ভিস ৯৯৯' এর আওতায় প্রদত্ত ফায়ার সার্ভিসের সেবা কার্যক্রম, এ্যাম্বুলেন্স সার্ভিসের মধ্যে ফায়ার সার্ভিস কতৃক প্রদানকৃত সার্ভিসের তথ্য, ঢাকা মহানগরীতে ১১টি মোবাইল ফায়ার স্টেশন স্থাপন করে নিকটবর্তী মূল ফায়ার স্টেশনকে ব্যাকআপ সার্ভিস প্রদান, ফায়ার সার্ভিসের Activities, Strength, Capacity বৃদ্ধি হওয়া সংক্রান্ত তথ্য বিবরণী, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী প্রত্যেক উপজেলায় ন্যূনতম ০১টি ফায়ার স্টেশন স্থাপনের অগ্রগতির বিবরণ, জঙ্গি বিরোধী যৌথ অভিযানে অংশগ্রহণ, Road Rescue, Mountain Rescue, কমিউনিটি ভলান্টিয়ার, দুর্যোগ ঝুঁকির বিষয়ে পরিচালিত বিভিন্ন জরিপের ফলাফল, ট্রেনিং প্রোগ্রাম, এ্যাম্বুলেন্সে রোগী পরিবহন, ডুবুরি কার্যক্রম, নতুনভাবে সংযোজিত আধুনিক ইকুইপমেন্টের তালিকা, সাড়া প্রদানকৃত অগ্নি দুর্ঘটনার সংখ্যা, ক্ষয়ক্ষতির বিবরণ এবং ফায়ার সার্ভিস কর্তৃক উদ্ধারকৃত জান মালের বিবরণ। |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মোট অফিস সংখ্যা এবং জনবল, মাদক বিরোধী কার্যক্রমের বিবরণ, ট্রেনিং প্রোগ্রামের বিবরণ, বেসরকারি নিরাময় কেন্দ্র সংক্রান্ত বিবরণ এবং সরকারি পদক্ষেপের বর্ণনা, মাদক বিরোধী আইন যুগোপযোগীকরণের পদক্ষেপ, মাদক নিয়ন্ত্রণ বোর্ডের কার্যক্রম, জাতিসংঘের ০৩টি কনভেনশনের আওতায় বাস্তবায়িত কার্যক্রমের বিবরণ, কলম্বো প্ল্যান অনুসারে গৃহীত কার্যক্রমের বিবরণ, মাদক বিরোধী সচেতনতামূলক কার্যক্রমের অংশ হিসেবে শিক্ষা প্রতিষ্ঠানে কমিটি গঠন, ধর্মীয় প্রতিষ্ঠানের মাধ্যমে মাদক বিরোধী কার্যক্রম পরিচালনার তথ্য, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা। |
| কারা অধিদপ্তর | কারাগারকে সংশোধনাগার'এ রূপান্তর করা সংক্রান্ত কার্যক্রম, প্রিজন লিংক স্থাপন সংক্রান্ত কার্যক্রম, কারাবন্দিদের দ্বারা উৎপাদিত পণ্যের লভ্যাংশের ৫০% কারাবন্দিদের মুক্তির পর প্রদান সংক্রান্ত কার্যক্রম, পুরাতন কারাগারসমূহ সংস্কার এবং কারা নিরাপত্তা আধুনিকায়ন সংক্রান্ত কার্যক্রম, কারাগারের ফোন বুথ নীতিমালা সংক্রান্ত কার্যক্রম, কারাবন্দিদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত কার্যক্রম; |
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | Handwritten থেকে MRP-তে উত্তরণ সংক্রান্ত কার্যক্রম, অনলাইনে এমআরপি'র আবেদন জমা এবং অনলাইনে পাসপোর্ট ফি জমা করা, বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে পাসপোর্ট ও ভিসা উইং চালুকরণ, বিদেশী নাগরিকবৃন্দের অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র ইস্যুকরণ, পাসপোর্ট অফিসের বিবরণ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম, মোট ইস্যুকৃত এমআরপি এবং এমআরভি'র সংখ্যা এবং তা থেকে প্রাপ্ত রাজস্ব আয়ের বিবরণী, বিদেশে দ্রুততম সময়ে পাসপোর্ট পৌছানো, বাংলাদেশ সচিবালয়ে পাসপোর্ট বুথ চালুকরণ। |

০৪। উক্ত বিষয়ে ২২/০২/২০১৮ তারিখে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর উপস্থিতিতে অনুষ্ঠিত এক সভায় জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ একীভূত কর্মসূচি গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে ২৬/০২/২০১৮ তারিখে জননিরাপত্তা বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সথে আলোচনা হয়েছে বলেও সভাকে অবহিত করা হয়। এছাড়া গত ২২/০২/২০১৮ তারিখে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

(ক) স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে বাংলার ঐতিহ্য, সংস্কৃতি ও উন্নয়ন তুলে ধরে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/গুরুত্বপূর্ণ সংস্থা কর্তৃক ঢাকা শহরের বিভিন্ন স্থান থেকে সুসজ্জিত বাদক দল/তারকা খেলোয়ার/অভিনেতাসহ বিশিষ্ট ব্যক্তিবর্গ ও জনগণের অংশগ্রহণে ২২/০৩/২০১৮ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় বর্ণাঢ্য শোভাযাত্রা শুরু করে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে সমবেত হবে যার গতিপথ হবে নিম্নরূপ :

| মন্ত্রণালয়/বিভাগের নাম | সমবেত হওয়ার স্থান ও শোভাযাত্রার গতিপথ |
|---|---|
| (১) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, (২) পরিবেশ ও বন মন্ত্রণালয়, (৩) অর্থ বিভাগ, (৪) অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, (৫) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, (৬) স্বাস্থ্য সেবা বিভাগ, (৭) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার বিভাগ, (৮) জননিরাপত্তা বিভাগ, (৯) সুরক্ষা সেবা বিভাগ, (১০) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, (১১) তথ্য মন্ত্রণালয়, (১২) বস্ত্র ও পাট মন্ত্রণালয়, (১৩) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, (১৪) আইন ও বিচার বিভাগ, (১৫) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ এবং (১৬) ভূমি মন্ত্রণালয়। | স্থান : শিশু একাডেমি ও দোয়েল চত্বর সংলগ্ন এলাকা।<br>গতিপথ : শিশু একাডেমি-আবদুল গণি রোড-জিপিও-বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের পশ্চিম গেইট। |

(খ) ২০-২৫ মার্চ ২০১৮ তারিখে বিভাগ/জেলা/উপলো ও ইউনিয়ন পর্যায়ে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ সেবা সপ্তাহ উদযাপন করবে যার কর্মসূচি হবে নিম্নরূপ :

| ক্রমিক | কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|
| (১) | সেবা সপ্তাহ উপলক্ষে সকল মন্ত্রণালয়/বিভাগ জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে নাগরিক সুবিধাগুলো জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে মাঠ পর্যায়ের দৃশ্যমানভাবে সেবাদান কার্যক্রম গ্রহণ করবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ |
| (২) | প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ বিশেষ সেবা সপ্তাহ উদযাপনের লক্ষ্যে তৃণমূল পর্যায়ে সকল অধীনস্থ বিভাগকে সম্পৃক্ত করে একটি কর্মপরিকল্পনা প্রস্তুত ও বাস্তবায়ন রূপরেখা প্রণয়ন করবে এবং তা জেলা/উপজেলা/ইউনিয়ন পর্যায়ে বাস্তবায়নের ক্ষেত্রে সমন্বয় সাধন করবে | সকল মন্ত্রণালয়/বিভাগ |
| (৩) | জেলা উপজেলা ভিত্তিক বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক ও পয়েন্টে TVC, Theme Song প্রচার করবে। সহজবোধ্য ভাষায় বুলেট আকারে উন্নয়নের চিত্র তুলে ধরে শহরময় রঙিন পোস্টার, লিফলেট, হ্যান্ডবিল প্রচার করতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ |
| (৪) | সেবা সপ্তাহ উদযাপনে জেলা/উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে আলোচনা, সেমিনারের আয়োজন, চিত্র প্রদর্শনী, ছবি আঁকা প্রতিযোগিতা, আনন্দ শোভাযাত্রা, সংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে। এ ছাড়া এলাকাভিত্তিক জনপ্রিয় খেলাধুলা, যেমন : নৌকা বাইচ, লাঠিখেলা, ফুটবল, কাবাডি, ক্রিকেট ইত্যাদি আয়োজন করতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ |
| (৫) | তথ্য প্রযুক্তি বিষয়ক উন্নয়ন কার্যক্রমের প্রদর্শনী করতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ |
| (৬) | শোভাযাত্রা বর্ণাঢ্য উৎসবমুখর করার লক্ষ্যে সুসজ্জিত ট্রাক, ঘোড়ার গাড়ি, বাদকদল, শিল্পী দল, রঙ্গিন ব্যানার, পোস্টার, প্ল্যাকার্ড ব্যবহার করতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ |
| (৭) | আন্ত:মন্ত্রণালয় প্রস্তুতি সভায় উপস্থিত কর্মকর্তাগণ শোভাযাত্রা আয়োজনে স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগের ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবেন। | সকল মন্ত্রণালয়/বিভাগ |
| (৮) | প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ তার অধীনস্থ দপ্তর/সংস্থার সাথে সভা করে স্ব-স্ব-কর্মপরিকল্পনা প্রস্তুত করে তা বাস্তবায়নে ব্যবস্থা করবেন। | সকল মন্ত্রণালয়/বিভাগ |

০৫। উক্ত বিষয়ে ২৭/০২/২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভায় বিস্তারিত আলোচনা হয়েছে বলেও সভাকে বিশদভাবে অবহিত করা হয়। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

